



সুইজারল্যান্ডে সম্মেলনের আগে জি-৭ বিরোধী বিক্ষোভ



ছবি: সংগৃহীত

জি-৭ সম্মেলনকে ঘিরে সুইজারল্যান্ডে বিক্ষোভ করেছেন হাজারো মানুষ। সম্মেলনের আগের দিন রোববার (১৪ জুন) জেনেভার রাজপথে জড়ো হয়ে বিশ্ব অর্থনৈতিক ব্যবস্থা ও ধনী দেশগুলোর আধিপত্যের বিরুদ্ধে স্লোগান দেন তারা।

বিক্ষোভকারীদের হাতে ছিল বিভিন্ন ব্যানার ও প্ল্যাকার্ড। তারা জি-৭কে বৈষম্য ও একচেটিয়া ক্ষমতার প্রতীক হিসেবে আখ্যা দিয়ে প্রতিবাদ জানান।

শুরুতে কর্মসূচি শান্তিপূর্ণ থাকলেও একপর্যায়ে মিছিল এগিয়ে যাওয়ার সময় পুলিশ বাধা দিলে উত্তেজনা তৈরি হয়। পরে আন্দোলনকারীদের সঙ্গে আইনশৃঙ্খলা বাহিনীর দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে টিয়ার গ্যাস ছোড়ে পুলিশ। লাঠিচার্জও করা হয়। এ সময় কিছু বিক্ষোভকারী জাতিসংঘের একটি ভবনের দিকে ইট-পাটকেল নিক্ষেপ করে বলে স্থানীয় গণমাধ্যম জানিয়েছে।

সোমবার থেকে শুরু হচ্ছে তিন দিনের জি-৭ শীর্ষ সম্মেলন। এতে বিশ্বের শীর্ষ শিল্পোন্নত দেশগুলোর নেতারা অংশ নেবেন। বৈশ্বিক অর্থনীতি, নিরাপত্তা, জলবায়ু পরিবর্তন এবং আন্তর্জাতিক সংকটসহ বিভিন্ন বিষয় সম্মেলনের আলোচনায় গুরুত্ব পাবে।

নিরাপত্তার কথা বিবেচনায় রেখে সম্মেলন ঘিরে কড়া ব্যবস্থা নিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। সীমান্ত এলাকায় নজরদারি বাড়ানোর পাশাপাশি বেশ কয়েকটি সীমান্তপথ সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে।

উল্লেখ্য, ২০০৩ সালে জি-৭ সম্মেলন ঘিরে জেনেভায় ব্যাপক সহিংসতা ও ভাঙচুরের ঘটনা ঘটেছিল। সেই অভিজ্ঞতার আলোকে এবারও কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে।